চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা, চট্টগ্রাম
মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮

**তারিখ:২৪.০২.২০২৬**

প্রেস বিজ্ঞপ্তি

## বাকলিয়ার অর্থনৈতিক উন্নয়নে যোগাযোগ ব্যবস্থা ঢেলে সাজাচ্ছি: মেয়র ডা. শাহাদাত হোসেন

বৃহত্তর বাকলিয়ার সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে যোগাযোগ ব্যবস্থাকে অগ্রাধিকার ভিত্তিতে আধুনিকায়ন করা হচ্ছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। পরিকল্পিত সড়ক, ড্রেনেজ ও অবকাঠামো উন্নয়নের মাধ্যমে এলাকাটিকে অর্থনৈতিকভাবে গতিশীল করে তোলা হবে বলেও তিনি উল্লেখ করেন। মঙ্গলবার প্রায় ৩ কোটি টাকা ব্যয়ে ১৯ নম্বর দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডস্থ আবদুল করিম রোডের উন্নয়ন এবং তুলাতলি বাই লেন এলাকার উন্নয়নকাজের উদ্বোধনকালে মেয়র এসব কথা বলেন। প্রায় ২০০০ ফুট দৈর্ঘ্যের এই সড়ক উন্নয়ন প্রকল্পের মূল লক্ষ্য জলাবদ্ধতা নিরসন ও রাস্তার মানোন্নয়ন। প্রকল্পের আওতায় সড়ক পুনর্নির্মাণের পাশাপাশি কার্যকর পানি নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে। মেয়র জানান, ১৯ নম্বর ওয়ার্ডে আরও কয়েকটি গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে চসিক। এর মধ্যে রয়েছে ইসহাকের পুল সংলগ্ন এলাকায় জলাবদ্ধতা নিরসন, অসিমিয়া রোডের উন্নয়ন ও বির্জা খালের ওপর কালভার্ট নির্মাণ, চর চাক্তাই মাঠ উন্নয়ন, আহমেদুর রহমান সড়ক উন্নয়ন, মিয়া খান নগর এলাকায় রাস্তা সংস্কার ও খালপাড় রোড উন্নয়ন। এছাড়া মাস্টারপুল থেকে বৌ বাজার সড়ক এবং হাফিজিয়া রোডের উন্নয়নকাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। মেয়র বলেন, বাকলিয়া দীর্ঘদিন ধরে যোগাযোগ সংকট, সরু রাস্তা ও জলাবদ্ধতার সমস্যায় ভুগছিল। আমরা ধাপে ধাপে এসব সমস্যা সমাধানে কাজ করছি। সড়ক উন্নয়ন মানেই শুধু যাতায়াত সহজ করা নয়; এটি স্থানীয় অর্থনীতি, ক্ষুদ্র ব্যবসা, শ্রমজীবী মানুষের আয় বৃদ্ধি এবং সামগ্রিক নগর প্রবাহকে শক্তিশালী করে। তিনি আরও বলেন, চট্টগ্রামকে দেশের বাণিজ্যিক রাজধানী হিসেবে গড়ে তোলার যে প্রতিশ্রুতি বাস্তবায়ন হচ্ছে, তার সুফল প্রতিটি ওয়ার্ডে পৌঁছে দিতে হবে। উন্নত যোগাযোগ সুবিধা ছাড়া অর্থনৈতিক প্রবৃদ্ধি সম্ভব নয়। বৃহত্তর বাকলিয়াকেও সেই উন্নয়নের মূল স্রোতে সম্পৃক্ত করা হচ্ছে। মেয়র সম্ভাব্য নতুন সড়ক সম্প্রসারণ, সংযোগ সড়ক নির্মাণ এবং পানি নিষ্কাশনের জন্য প্রয়োজনীয় নালা নির্মাণের সম্ভাব্য স্থানসমূহ সরেজমিন পরিদর্শন করেন। সংশ্লিষ্ট প্রকৌশল বিভাগকে দ্রুত সম্ভাব্যতা যাচাই ও পরিকল্পনা প্রণয়নের নির্দেশ দেন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী আনিসুর রহমান, নির্বাহী প্রকৌশলী মাহমুদ শাফকাত আমিনসহ কর্পোরেশনের কর্মকর্তাবৃন্দ ও স্থানীয় ওয়ার্ড নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।



## দেওয়ান বাজার ওয়ার্ডে ইফতার সামগ্রী বিতরণকালে ডা. শাহাদাত হোসেন
## কোর্টের রায় অনুযায়ী পাঁচ বছর মেয়রের দায়িত্বে থাকা আমার অধিকার

চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ও মহানগর বিএনপির সাবেক সভাপতি ডা. শাহাদাত হোসেন বলেছেন, কোর্টের রায় অনুযায়ী আমি যেদিন থেকে শপথ নিয়েছি সেদিন থেকে পাঁচ বছর মেয়রের দায়িত্বে থাকার আমার অধিকার আছে। কিন্তু বর্তমানে নির্বাচিত ওয়ার্ড কাউন্সিলর না থাকায় চসিকের সেবা কার্যক্রম কিছুটা ব্যাহত হচ্ছে। এখন যে সেবা দিচ্ছি এর থেকে আরো বেশি সেবা দেয়ার জন্য ওয়ার্ডে ওয়ার্ডে কাউন্সিলর থাকা জরুরী। তাই আমি মনে করছি, চট্টগ্রামবাসীর বৃহত্তর স্বার্থে একটি সুষ্ঠু, নিরপেক্ষ ও গণমুখী নির্বাচন প্রয়োজন। আমি এমন একটি নির্বাচন চাই, যেখানে জনগণ স্বাধীনভাবে তাদের মতামত প্রকাশ করতে পারবে। জনগণ যদি আমাকে ভোট দেয়, সেটিও আমি সম্মানের সঙ্গে গ্রহণ করবো, আর না দিলে সেটিও গণতান্ত্রিকভাবে মেনে নেব। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারী) বিকেলে নগরীর দেওয়ান বাজার ঘাটফরহাদ বেগ স্কুল মাঠে পবিত্র মাহে রমজান উপলক্ষে চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবদুল মান্নানের সার্বিক সহযোগিতায় অসহায় দুঃস্থদের মাঝে ইফতার ও সেহেরী সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এতে অসহায় ও নিম্নবিত্ত পরিবারের মাঝে চাল, ডাল, তেল, ছোলাসহ প্রয়োজনীয় ইফতার ও খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম ৯ আসনের জাতীয় সংসদ সদস্য আলহাজ্ব মোহাম্মদ আবু সুফিয়ান এবং চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর। এসময় চট্টগ্রামের উন্নয়ন কর্মকাণ্ড প্রসঙ্গে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে প্রায় ১০ লাখ শিশুকে টাইফয়েডের টিকা এবং মেয়েদের জরায়ু ক্যান্সার প্রতিরোধে এইচপিভি টিকা বিনামূল্যে প্রদান করা হয়েছে। পাশাপাশি ফ্যামিলি কার্ড ও স্মার্ট কার্ডের মাধ্যমে অসহায়, বয়স্ক ও বিধবা নাগরিকদের সহায়তা প্রদান অব্যাহত রয়েছে। শেষে তিনি উপস্থিত সবার প্রতি মাহে রমজানের শুভেচ্ছা জানিয়ে বলেন, আমরা সবসময় আপনাদের পাশে আছি এবং থাকবো। আপনাদের সহযোগিতায় একটি সুন্দর, উন্নত ও গণতান্ত্রিক চট্টগ্রাম গড়ে তুলতে চাই।বিশেষ অতিথির বক্তব্যে আবু সুফিয়ান বলেন, রমজান আমাদের সংযম ও সহমর্মিতার শিক্ষা দেয়। পবিত্র রমজান মাসে সাধারণ মানুষের কষ্ট লাঘব করাই আমাদের প্রধান লক্ষ্য। আমরা শুধু

ভোটের রাজনীতি করি না, আমরা মানুষের বিপদে পাশে থাকার রাজনীতি করি। সাধারণ মানুষের ইফতারের টেবিলে খাবার পৌঁছে দেওয়া আমাদের নৈতিক দায়িত্ব। আবুল হাশেম বক্কর বলেন, জনগণ এবার স্বতঃস্ফূর্তভাবে ভোটকেন্দ্রে গিয়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করেছে। অতীতে যেভাবে ভয়ভীতি ও বাধার মাধ্যমে নির্বাচন প্রভাবিত করা হতো, এবারের নির্বাচনে তার পুনরাবৃত্তি হয়নি।ধানের শীষ এমন একটি প্রতীক, যা উন্নয়ন ও সার্বভৌমত্বের প্রতীক। আপনারা এই প্রতীকের উপর আস্থা রেখেছেন, এজন্য আপনাদের ধন্যবাদ জানাই।

দেওয়ান বাজার ওয়ার্ড বিএনপির সাবেক সহ সভাপতি মোহাম্মদ ইলিয়াছ সরদারের সভাপতিত্বে ও কোতোয়ালি থানা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালামের পরিচালনায় এতে বিশেষ অতিথি ছিলেন মহানগর বিএনপির যুগ্ম আহবায়ক ইয়াছিন চৌধুরী লিটন, সাবেক যুগ্ম সম্পাদক আবদুল মান্নান, আহবায়ক কমিটির সদস্য আনোয়ার হোসেন লিপু, মহানগর বিএনপি নেতা নকিব উদ্দিন ভূঁইয়া, টেরিবাজার ব্যবসায়ী সমিতির উপদেষ্টা আলহাজ্ব বেলায়েত হোসেন। উপস্থিত ছিলেন মহানগর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক হারুনুর রশিদ, কোতোয়ালি থানা বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবু বক্কর, বিএনপি নেতা সফিকুর রহমান মজুমদার, মো. আলমগীর, আবুল হাসেম, মো. ফতেহ আলী, মাইনুদ্দিন রাজিব, মো. মহিউদ্দিন, মো. আমজাদ, মো. তারেক, মো. মাসুদ, আবু ইউসুফ, মো. আরিফ, মো. সাজ্জাদ, মো. রাব্বি, মো. পাপ্পু প্রমুখ।

স্বাক্ষরিত/-
(আজিজ আহমদ)
জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮